

গর্ভবতী মহিলাদের জন্য তথ্য : করোনাভাইরাস সংক্রান্ত জরুরী  
অবস্থা

### করোনাভাইরাসের সময় গর্ভাবস্থা

প্রিয় সম্ভাব্য মা ও বাবা,  
বর্তমানের অনিশ্চিত ও উদ্বেগের সময়েও আমাদের চিকিৎসক ও  
মিডওয়াইফবৃন্দ আপনাদের চিকিৎসাসেবা সুনিশ্চিত করার জন্য সর্বাধিক  
যত্নের সাথে তাদের কর্তব্য পালন করে যাচ্ছে। অত্র হাসপাতালটি মাদ্রে  
জুসেপ্পিনা ভান্নিনি হিসেবে শ্রেণীবদ্ধ হলেও লাংছিও অঞ্চল কর্তৃক  
অনুমোদিত হয়(ASL RM2), যেখানে বর্তমান জরুরী অবস্থায় গর্ভবতী  
মহিলাদের বিশেষজ্ঞের ভিজিট ও গর্ভাবস্থার ইকোগ্রাফি নিশ্চিত করার  
পাশাপাশি তাদের জন্য ডায়াগনস্টিক ল্যাবরেটরিও স্বগিত নয় সেটিও  
আশ্রয় করা হচ্ছে।

সর্বদা আরো সুবক্ষিত থাকার জন্য ও ভাইরাসের বিস্তার রোধে আমাদের  
সর্বোচ্চ ভূমিকা পালনের লক্ষ্যে কিছু সাধারণ সাবধানতা অবলম্বনের জন্য  
আপনাদের প্রতি বিনীত অনুরোধ জানানো যাচ্ছে :

- বহিঃবিভাগের ভিজিটের দিন নির্ধারিত সময়ের অনেক আগে না এসে  
যথাসময়ে আসুন
- আপনাদের সঙ্গীকে বহিঃবিভাগের বাইরে অপেক্ষা করতে বলুন
- পূর্বোক্ত পরিষেবাগুলো বুকিং দেয়ার জন্য ০৬ ২৪২৯১৩৯৭ এই নম্বরে  
ফোন করতে পারেন।

গর্ভাবস্থায় কেউ হাসপাতালের জরুরী বিভাগে আসলে অবশ্যই যথাযথ  
ব্যবস্থার মাধ্যমে তার প্রয়োজনীয় চিকিৎসার নিশ্চয়তা প্রদান করা যাচ্ছে,  
বিশেষ করে যাদের গর্ভাবস্থার একদম শেষ পর্যায় তাদের জন্য “ফাস্ট ট্রেক  
অস্ট্রিকো” পদ্ধতি অবলম্বন করা হয় - যার মাধ্যমে জরুরী বিভাগের  
নার্সের প্রাথমিক কার্যাবলী(ত্রিয়াজে) সম্পন্ন করার সাথে সাথেই গর্ভবতী  
মহিলাকে সংশ্লিষ্ট অস্ট্রিকার আওতায় নির্দিষ্ট ওয়ার্ডে সরাসরি পাঠিয়ে  
দেয়া হয়। আমাদের হাসপাতাল প্রতিরক্ষার জন্য পৃথক নিরাপদ ব্যবস্থা  
দ্বারা সংগঠিত, অর্থাৎ আমরা আমাদের কর্মকর্তা ও রোগী এবং অনাগত

শিশু সবার নিরাপত্তার জন্য পৃথকভাবে প্রস্তুত। ব্যক্তিগত প্রতিরক্ষামূলক যথার্থ পোষাক পরিধানপূর্বক(ডিপিই/ডিজপজেটিভো দি প্রতেংছিয়নে ইন্ডিভিডুয়ালে) শুধুমাত্র বাচ্চার জন্মের সময় বাবা লেবার রুমে ঢুকতে পারবেন, তবে সেক্ষেত্রে উল্লেখ্য যে, তার আগে বাবার শরীরের তাপমাত্রা মেপে দেখা হবে এবং কোনক্রমেই উক্ত সময়ে বাবাটির কাশি, গলা ব্যথা, শ্বাসতন্ত্রের সংক্রমণজনিত কোন লক্ষণ থাকতে পারবেনা।

অপরদিকে ভর্তি থাকা রোগী পরিদর্শনের জন্য সন্ধ্যা ১৮.৩০ হতে ১৯.৩০ এর মধ্যে শুধুমাত্র একজন অল্প সময়ের জন্যে রোগীর রুমে প্রবেশ করতে পারবেন, তবে এক্ষেত্রেও ওয়ার্ডের নার্স কর্তৃক পরিদর্শনকারীর শরীরের তাপমাত্রা মেপে দেখাসহ অন্যান্য লক্ষণসমূহও চেক করা হবে। উল্লেখ্য যে, পরিদর্শনকারীকে অবশ্যই প্রতিরক্ষামূলক হাতমোজা ও মাস্ক পরিধান করতে হবে। যে সকল দর্শার্থী ওয়ার্ডে প্রবেশ করবে তাদের নাম রোগী নিজেই প্রতিদিন প্রতিরক্ষা কর্মীদের অবগত করবেন। তবে রোগী কর্তৃক প্রদত্ত দর্শার্থীদের মধ্যে যদি কারো মাঝে জ্বর, কাশি, ঠান্ডা, গলা ব্যথা ও শ্বাসতন্ত্রের সংক্রমণজনিত কোন লক্ষণ পরিলক্ষিত হয় তাহলে তাকে ওয়ার্ডে প্রবেশ করতে দেয়া হবেনা(এমনকি এগুলোর মধ্যে যেকোন একটি উপসর্গ থাকলেও)। করোনাভাইরাসের বিস্তার রোধের জন্য, সংক্রমণ হ্রাসের জন্য রোগীসহ সকলের সার্বিক সহায়তা আশা করা যাচ্ছে।

গর্ভকালীন কোর্স ও নবজাতকের শ্বাসপ্রশ্বাস অবরোধমুক্ত কোর্স আপাতত সাময়িকভাবে স্থগিত করা হলো। পরবর্তীতে কোর্স শুরু হওয়ার সময় হাসপাতালের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। গর্ভকালীন, প্রসবকালীন ও বুকের দুধ খাওয়ানো সংক্রান্ত যেকোন অস্পষ্টতা দূরীকরণের জন্য নিম্নলিখিত ঠিকানায় মেইল করতে পারেন :

[ginecologia.vannini@figliesancamillo.it](mailto:ginecologia.vannini@figliesancamillo.it) বা নিম্নোক্ত

নম্বরসমূহে ফোন করতে পারেন : ০৬ ২৪২৯১৩৫৬ - ০৬ ২৪২৯১৩৫৭ - ০৬ ২৪২৯১২৪৫।

করোনাভাইরাসের মহামারীকে কোনক্রমেই অবমূল্যায়ন করা উচিত নয়; কিন্তু আমরা নিশ্চিত যে, আমরা আমাদের চূড়ান্ত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি যাতে আপনারা আপনারদের গর্ভাবস্থা চিন্তামুক্তভাবে পাড়ি দিতে পারেন।

